14

দৈনিক সংবাদ

তারিখ ... OCT. [illegible] 1999

পৃঃ 2 কলাম ৭

# জাতীয় শিক্ষা জরিপ শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের প্রাথমিক-উত্তর শিক্ষা প্রতিষ্ঠান-সমূহের শিক্ষার মান, পরিবেশ ও অন্যান্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা যাচাইয়ের জন্য জরিপকাজ শুরু করছে বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।

জাতীয় শিক্ষা জরিপ '৯৯-এর আওতায় এ জরিপে দেশের প্রায় ২৫ হাজার সরকারি ও বেসরকারি প্রাথমিক-উত্তর শিক্ষা প্রতিষ্ঠানে জরিপ চালানো হবে। ব্যান-বেইস-এর সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

আগামী ২৩শে অক্টোবর থেকে ৬ই নভেম্বর পর্যন্ত মাঠ পর্যায়ে এ জরিপ কার্যক্রম চলবে। শিক্ষা মন্ত্রণালয়ের ব্যানবেইসের তত্ত্বাবধানে ইউএনডিপির অর্থায়নে ১ কোটি ৭৭ লাখ টাকা ব্যয়ে এ জরিপ বাস্তবায়িত হচ্ছে।